# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 25.05.2024 Time: 7.35A.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) লোকসভা নির্বাচনের ষষ্ঠ দফায় রাজ্যের ৮ টি আসনে কঠোর নিরাপত্তায় ভোট গ্রহণ শুরু হয়েছে। # ১'কোটি ৪৫ লক্ষেরও বেশী ভোটদাতা ৭৯ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারন করবেন। # মোয়তায়েন করা হয়েছে ৯১৯ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী।

২/ মধ্য বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপ আজ সকাল নাগাদ ঘূর্ণিঝড়ের রূপ নেবে।

# আজকের ভোটে এর প্রভাব না পড়লেও, আগামীকাল দক্ষিণবঙ্গে বিভিন্ন জেলায় ভারী বৃষ্টির সতর্কতা।

৪/ বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের ১২৫-তম জন্মদিনটি, নানা অনুষ্ঠানে উদ্‌যাপন করা হচ্ছে।

*****************************************************************

লোকসভা নির্বাচনের ষষ্ঠ দফায় সাতটি রাজ্য এবং একটি কেন্দ্রশাসিত অঞ্চলের ৫৮ টি আসনে কড়া নিরাপত্তায় ভোট গ্রহণ শুরু হয়েছে। এই রাজ্যের পুরুলিয়া, বাঁকুড়া, বিষ্ণুপুর, মেদিনীপুর, ঝাড়গ্রাম, কাঁথি, তমলুক ও ঘাটাল এই ৮টি আসনে ভোট চলবে সন্ধে ৬'টা পর্যন্ত। ষষ্ঠ দফায় ১' কোটি ৪৫ লক্ষেরও বেশী ভোটদাতা ৭৯ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারন করবেন। ১৫ হাজার ৬০০টি ভোট কেন্দ্রের মধ্যে ২'হাজার ৬৭৮টিকে সঙ্কটপ্রবণ বলে চিহ্নিত করা হয়েছে। সবচেয়ে বেশী এধরণের বুথ রয়েছে পূর্ব মেদিনীপুরের কাঁথিতে। এরপর তমলুকে ৩৭৩ টি।

তমলুকের হ্যামিলটন স্কুলে রয়েছেন আমাদের প্রতিনিধি অভিরূপ ভট্টাচার্য ও সুমন দে। তাঁদের কাছ থেকে জেনে নিই, কেমন চলেছে ভোট গ্রহণ। অভিরূপ, ভোট গ্রহণ কি শুরু হয়েছে? সেখানে পরিস্থিতি কিরকম?

(ভিসি- অভিরূপ)

অবাধ ও সুষ্ঠু ভোটগ্রহণ সুনিশ্চিত করতে কঠোর নিরাপত্তার বন্দোবস্ত করা হয়েছে। এই দফায় নির্বাচন কমিশন সবচেয়ে বেশি ৯১৯ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করেছে। পূর্ব ও পশ্চিম মেদিনীপুরের ওপর কমিশন বিশেষ নজর দিচ্ছে। সবচেয়ে বেশি বাহিনী মোতায়েন করা হয়েছে পূর্ব মেদিনীপুরে ২৩৭ কোম্পানী।

নন্দীগ্রামে দুষ্কৃতী হামলায় এক বিজেপি কর্মকর্তার মায়ের মৃত্যুর পর সেখানে বাড়তি নজরদারি। শুধুমাত্র নন্দীগ্রামের জন্যই থাকছে ১৬ কোম্পানি বাহিনী। রাজ্য পুলিশও থাকবে প্রায় ৩০ হাজার। এছাড়া যেকোনোরকমের অপ্রীতিকর ঘটনার প্রেক্ষিতে চটজলদি ব্যবস্থা নিতে ৮৯২ সেকশন কুইক রেস্পন্স টিম (QRT) মোতায়েন করা হয়েছে।

কমিশন সূত্রে জানা গেছে, বুথের ভেতর রাজনৈতিক দলের এজেন্ট এমনকি ভোটারদেরও মোবাইল নিয়ে প্রবেশ নিষিদ্ধ। আগেও এই নির্দেশ জারি থাকলে অন্য দফার ভোটে এব্যাপারে কিছুটা শৈথিল্য দেখা দেয়। সেকারণে এবার আরও কড়া নির্দেশ জারি করা হচ্ছে। বুথের ১০০ মিটারের মধ্যে কোনোরকমের জমায়েত এবং সাইকেল নিয়ে প্রবেশের ওপরেও আরোপ করা হয়েছে নিষেধাজ্ঞা। ঘূর্ণিঝড়ের আশঙ্কার কথা মাথায় রেখে বিকল্প বিদ্যুতের ব্যবস্থা রাখার নির্দেশ দিয়েছে কমিশন। বিদ্যুৎ বিভ্রাট যাতে কোনোভাবেই ভোট প্রক্রিয়ায় প্রভাব ফেলতে না পারে সেজন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসনকে বাড়তি সতর্ক থাকতে বলা হয়েছে।

সবক'টি বুথে ওয়েব কাস্টিং-এর ব্যবহার করা হলেও, ঝাড়গ্রাম, পুরুলিয়া ও বাঁকুড়ার কয়েকটি বুথে সেই সুবিধে থাকছে না। সেখানে ভিডিও রেকর্ডিং-এর বন্দোবস্ত করা হয়েছে।

বাঁকুড়ার ভোট কেমন চলেছে, তা' নিয়ে আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন-

( ভিসি- বাঁকুড়া দেবাশিস )

**পুরুলিয়া শহরে** ভোটের আগে গতরাতে বিজেপির অস্থায়ী নির্বাচনী বুথ অফিস ভাঙচুরের ঘটনাকে কেন্দ্র করে উত্তেজনা ছড়ায়। তৃণমূল কংগ্রেসের দিকে অভিযোগের আঙুল তোলা হলেও, তারা তা' অস্বীকার করেছে।

জেলায় আজকের ভোট কেমন হচ্ছে, তা' জানাচ্ছেন আমাদের সংবাদদাতা-

(ভিসি- পুরুলিয়া অনির্বাণ)

**পশ্চিম মেদিনীপুরে** জেলা পুলিশ বিজেপি নেতা-কর্মীদের ওপর সন্ত্রাস চালাছে এই অভিযোগে গতকাল ওই দলের প্রার্থী, জেলাশাসকের কার্যালয়ের সামনে অবস্থান বিক্ষোভে বসেন। এদিকে ভোটের আগের দিন ঘাটাল লোকসভা কেন্দ্রের দাসপুরে নাকা চেকিং-এর সময় এক বিজেপি নেতার গাড়ি থেকে উদ্ধার হয় ২৪ লক্ষ টাকা।

জেলায় আজকের ভোট চিত্র নিয়ে জানাচ্ছেন আমাদের সংবাদদাতা।

(ভিসি- মেদিনীপুর সব্যসাচী)

*****************

**আগের দফাগুলির মতই লোকসভার ষষ্ঠ দফার ভোটেও আজ কয়েকটি বুলেটিনের সময়সীমা বাড়ছে।**

**দুপুর ১-টা ৪০-এর স্থানীয় সংবাদ ও বিকেল ৫-টা ১০-এর খবর হবে ১০ মিনিটের এবং সন্ধে ৭-টা ৫০-এর স্থানীয় সংবাদ হবে ১৫ মিনিটের।**

*****************

লোকসভা নির্বাচনের সপ্তম দফার জন্য প্রচার চলেছে জোরকদমে। তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক **অভিষেক** বন্দ্যোপাধ্যায় আজ বজবজের চড়িয়াল মোড় থেকে পূজালী পুরসভা পর্যন্ত এক রোড শো করবেন।

CPIM নেতা সুজন চক্রবর্তী আজ সকালে দমদম অর্ডিন্যান্স ফ্যাক্টির সামনে থেকে প্রচারের কাজ শুরু করবেন। ডায়মন্ড হারবারের বাম প্রার্থীর সমর্থনে SFI রাজ্য কমিটির পক্ষে আজ বিকেলে ডায়মন্ডহারবার শহরে আজ বিকেলে এক ছাত্র মিছিলের আয়োজন করা হয়েছে।

*****************

মধ্য বঙ্গোপসাগরের ওপর সৃষ্ট গভীর নিম্নচাপটি ক্রমশঃ উত্তর- উত্তর পূর্ব দিকে অগ্রসর হচ্ছে। এটির আরো ঘনীভূত হয়ে আজ সকাল নাগাদ ঘূর্ণিঝড়ের রূপ নেওয়ার সম্ভাবনা। রাতের মধ্যে সেটি আরও শক্তি বাড়িয়ে অতিপ্রবল ঘূর্ণিঝড়- রেমালে পরিণত হবে। তারপর উত্তর দিকে অগ্রসর হয়ে আগামীকাল(২৬শে মে) মধ্যরাতের আশেপাশে সাগরদ্বীপ ও খেপুপাড়ার মাঝামাঝি বাংলাদেশ এবং সংলগ্ন পশ্চিমবঙ্গ উপকূল অতিক্রম করবে এই অতি প্রবল ঘূর্ণিঝড়। সেই সময় ঝড়ের গতিবেগ ঘণ্টায় ১১০ থেকে ১২০, এমন কি ১৩৫ কিলোমিটার পর্যন্ত'ও হতে পারে।

এদিকে, রেমালের প্রভাবে উত্তর ও দক্ষিণ ২৪ পরগণায় ও পূর্ব মেদিনীপুর জেলার কিছু এলাকায় আজ বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টির হলুদ সতর্কতা জারি করা হয়েছে। তবে আজ ষষ্ঠ দফার ভোটে এর তেমন কোনো প্রভাব পড়বেনা বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত জানিয়েছেন। তবে আগামীকাল উপকূলবর্তী দুই ২৪ পরগণায় অতি ভারি বৃষ্টির লাল সতর্কতা জারি করা হয়েছে। বৃষ্টিপাতের পরিমাণ ২০০ মিলিমিটারের বেশি হতে পারে। দুই ২৪ পরগণায় ঝড়ের গতিবেগ ১০০ কিলোমিটার ছাড়িয়ে যাবে বলেও সোমনাথবাবু জানান।

(বাইট- সোমনাথ )

কলকাতা, হাওড়া, হুগলী, নদীয়া ও পূর্ব মেদিনীপুরে প্রবল বৃষ্টির কমলা সতর্কতা এবং পশ্চিম মেদিনীপুর ও পূর্ব বর্ধমানে ভারী বৃষ্টির হলুদ সতর্কতাও জারি করা হয়েছে।

সোমবার ২৭ তারিখেও দুই ২৪ পরগণা, কলকাতা, হাওড়া, হুগলী, নদীয়া ও মুর্শিদাবাদ জেলায় কমলা সতর্কতা এবং দুই মেদিনীপুর, বীরভূম, পূর্ব ও পশ্চিম বর্ধমানে হলুদ সতর্কতা জারি করা হয়েছে। উত্তরবঙ্গে ওইদিন মালদা ও দক্ষিণ

দিনাজপুরে কমলা সতর্কতা এবং উত্তর দিনাজপুর, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ারে হলুদ সতর্কতা জারি থাকছে।

সমুদ্র উত্তাল থাকায় মৎস্যজীবীদের ২৭ শে মে সকাল পর্যন্ত সমুদ্রে পাড়ি না দেওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

এদিকে, ঘূর্ণিঝড়ের ধাক্কা সামলাতে রাজ্য প্রশাসন সব রকমের প্রস্তুতি নিতে শুরু করেছে। কেন্দ্রীয় কেবিনেট সচিব রাজীব গৌবা গতকাল মুখ্য সচিবের সঙ্গে বৈঠক করেন। সব রকম সহযোগিতারও আশ্বাস দেন তিনি। সেই সঙ্গে জাতীয় বিপর্যয় মোকাবিলা কর্তৃপক্ষের তরফে সতর্কতা মূলক নির্দেশিকা পাঠানো হয়েছে। নবান্নে রাজ্য সরকার ও বিপর্যয় মোকাবিলা দপ্তরের পক্ষ থেকে বিশেষ কন্ট্রোল রুম চালু করা হয়েছে। জেলায় জেলায় ও কন্ট্রোল রুম চালু করেছেন জেলা শাসকরা। রাজ্যের উপকূলবর্তী এলাকায় বিশেষ সতর্কতা মূলক ব্যবস্থা হিসাবে বাংলাদেশগামী অয়েল ট্যাংকারের যাতায়াত বন্ধ রাখা হয়েছে। চলেছে মাইকিং। পর্যটকদেরও আজ সকাল থেকে এলাকা খালি করতে বলা হয়েছে। যোগাযোগ ব্যবস্থা বিঘ্নিত হলে হট লাইনের মাধ্যমে যাতে তা জারি রাখা যায়, সেই ব্যবস্থাও করা হয়েছে।

অন্যদিকে ঘূর্ণিঝডড়ের প্রেক্ষিতে বেশ কয়েকটি ট্রেন বাতিল করা হয়েছে। রবিবার ২৬ ও সোমবার ২৭ তারিখ হাওড়া দিঘা কাণ্ডারি এক্সপ্রেস, পানশকুরা দিঘা স্পেশ্যাল, বাতিল থাকছে। আজ ও আগামীকাল পুরি–দিঘা সাপ্তাহিক এক্সপ্রেস, দিঘার পরিবর্তে খরগপুর পর্যন্ত চলাচল করবে।

*****************

কলকাতা হাইকোর্ট, রাজভবনে শ্লীলতাহানি কান্ডে পুলিশি তদন্তে অন্তর্বর্তী স্থগিতাদেশ দিয়েছে। রাজ্যপালের বিরুদ্ধে ওঠা শ্লীলতাহানির অভিযোগের প্রেক্ষিতে রাজ্যপালের OSD সহ তিন কর্মীর বিরুদ্ধে FIR করে তদন্ত শুরু করেছিল কলকাতা পুলিশ। হেয়ার স্ট্রিট থানায় তাঁদের তলব'ও করা হয়।

এই তদন্তের বিরুদ্ধে রক্ষাকবচ চেয়ে হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন রাজ্যপালের OSD । ওই তদন্তেই অন্তর্বর্তী স্থগিতাদেশ দিয়েছে হাইকোর্ট।

রাজ্যপাল সিভি আনন্দ বোস আদালতের এই নির্দেশকে স্বাগত জানিয়েছেন।

*****************

বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের আজ ১২৫- তম জন্মদিন। নানা অনুষ্ঠানের মধ্যে দিয়ে যথাযোগ্য মর্যাদায় দিনটি উদযাপনের উদ্যোগ নেওয়া হয়েছে। নির্বাচনী বিধি জারি থাকায় এবার রাজ্য সরকারের নজরুল পুরস্কার প্রদান অনুষ্ঠান বন্ধ থাকছে। সন্ধ্যায় নজরুল তীর্থে এক অনুষ্ঠানে কবিকে শ্রদ্ধা জানানো হবে।

কবির জন্মভিটে চুরুলিয়ায় নজরুল একাডেমী, কলকাতার বাংলাদেশ উপদূতাবাসে, কবির জন্মদিন উপলক্ষে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

**********************************************************